গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,
ঢাকা-১০০০
কর্মসংস্থান-১ শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০৪৬.২৬.১০৩

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

বিষয়: **বেলারুশে ১০০ (একশত) জন কর্মী প্রেরণের নিয়োগানুমতি প্রদান।**

সূত্র: ১। রিক্রুটিং এজেন্ট আল সামিট ইন্টারন্যাশনাল (আরএল-474) এর আবেদন; তারিখ: ২৫-১০-২০২৬ খ্রি.।
২। রাশিয়াস্থ বাংলাদেশ দূতাবাসের পত্র নং -বিইএম/শ্রম/ডিএল/সত্যায়ন/২০২৬-১৫৩; তারিখঃ ০৫ নভেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে, রিক্রুটিং এজেন্ট আল সামিট ইন্টারন্যাশনাল (আরএল-৪৭৪) এর অনুকূলে বেলারুশস্থ Limited Liability Company “Talantxjob” নামক আউটসোর্সিং কোম্পানির মাধ্যমে বেলারুশের Baranovichi শহরে অবস্থিত Limited Liability Company: “Midea Refrigerator Manufacturing” কোম্পানীতে Household Appliance Assembly Fitter (Refrigeration equipment) পদে ১০০ (একশত) জন কর্মী প্রেরণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে নিয়োগানুমতি প্রদান করা হলো:

রিক্রুটিং এজেন্টের নাম ও ঠিকানা	নিয়োগকর্তা/কোম্পানির নাম	পদের নাম ও কর্মী সংখ্যা	বেতন ও অন্যান্য শর্ত

M/S Al-Samit International Ltd. (RL-474)	Limited Liability Company: "Midea Refrigerator Manufacturing"	Household Appliance Assembly Fitter (Refrigeration equipment) ১০০ (একশত) জন	**Salary: Startin 500USD** **Average 600-800USD (Per Month)** 1. Age: From 21 to 45 years; 2. Wages: Starting from 500 (Five hundred) Us dollars per month; average monthly earnings from 600 (Six hundred) to 800 (eight hundred) US dollars, including overtime and production bonuses. Payment made in Belarusian rubles at the exchange rate of the National Bank of the Republic of Belarus on the date of payment; 3. Nature of work assembly of household appliances (religeration equipment); 4. Wage increase in accordance with the local tabor legislation; 5. Allowances in accordance with the local labor legislation; 6. Duration of the contract 1 (one) year renewable since the date of issue of the special working permit; 7. Accommodation provided by the Employer; 8. Medical care (compulsory insurance), in accordance with the local labor legislation; 9. Annual medical examination in accordance with the local labor legislation; 10. Leave and public holidays in accordance with the local labor legislation; 11. Working time 8 (eight) hours per day. 5 (five) days per week; 12. Overtime allowance in accordance with the local labor legislation; 13. Payment of wages taxes and levies. in accordance with the local labor legislation; 14. Protective clothing and equipment provided by the Employer; 15. Notice of dismissal to the employee, one month in advance; 16. Place of work Republic of Belarus. Brest Region. Baranovichi. Korolika Street, 8.
	সর্বমোট=	১০০ (একশত) জন	

শর্তাবলীঃ

(ক) বাংলাদেশ থেকে বেলারুশে কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং বেলারুশ উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশি কর্মী বেলারুশে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বেলারুশ দেশের জন্য দায়িত্বপ্রাপ্ত রাশিয়াস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে;

(গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত করবে;

(ঘ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে সর্বোচ্চ ১,৬৬,৬৪০/-(এক লক্ষ ছিষট্টি হাজার ছয়শত চল্লিশ টাকা) টাকা চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে, যুদ্ধে জড়িত হবে না এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিংএজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(ছ) এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে এবং বাংলাদেশ মিশনকে অবহিত করতে হবে;

(জ) নিয়োগকর্তা কর্তৃক বেলারুশের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ নিশ্চিত করতে হবে তৎপূর্বে তথ্যাদি বেলারুশ দেশের জন্য দায়িত্বপ্রাপ্ত রাশিয়াস্থ বাংলাদেশ দূতাবাসকে ইমেইলে বা পত্র দিয়ে অবগত করতে হবে;

(ঝ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বেলারুশ দেশের জন্য দায়িত্বপ্রাপ্ত রাশিয়াস্থ বাংলাদেশ দূতাবাসে এবং বিএমইটিতে দাখিল করতে হবে; এবং

(ঞ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন : ০২-৪১০৩০২৪২
ইমেইল : dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০০০.০০০.১১.০০৪৬.২৬.১০৩/১ (৮)

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, মস্কো, রাশিয়া।।
২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। প্রথম সচিব, শ্রম কল্যাণ উইং, রাশিয়া, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮। আল সামিট ইন্টারন্যাশনাল (আরএল-৪৭৪), হাউস নং-৩৪, আওয়াল সেন্টার, ফ্লোর ২১, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।।

১৫-১১-২০২৬
মোঃ হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব